২৪ আগস্ট, ২০২৬

# শিক্ষা সহযোগিতা বাড়াতে চীনের সঙ্গে কাজ করবে বাংলাদেশ



ছবি: সংগৃহীত

বাংলাদেশের শিক্ষা ও দক্ষতা উন্নয়নে চীনের সঙ্গে সহযোগিতা আরও বাড়ানোর বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে সরকার। এ নিয়ে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন।

সোমবার (২৪ আগস্ট) শিক্ষা মন্ত্রণালয়ে মন্ত্রীর অফিসকক্ষে রাষ্ট্রদূতের নেতৃত্বে চীনা প্রতিনিধিদলের সঙ্গে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সাক্ষাতে বাংলাদেশের শিক্ষা খাতসহ বিভিন্ন ক্ষেত্রে সরকারের নেওয়া উদ্যোগের প্রশংসা করেন চীনা প্রতিনিধিরা। জবাবে বাংলাদেশের শিক্ষা ও অন্যান্য উন্নয়ন খাতে চীনের ধারাবাহিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানান শিক্ষামন্ত্রী।

বৈঠকে বাংলাদেশের জনসংখ্যাকে দক্ষ মানবসম্পদে পরিণত করার ওপর গুরুত্বারোপ করেন মন্ত্রী। তিনি বলেন, দেশের তরুণদের প্রয়োজনীয় দক্ষতায় গড়ে তুলতে পারলে তারা জাতীয় উন্নয়নের পাশাপাশি আন্তর্জাতিক কর্মক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। এ লক্ষ্যে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে সরকার।

চীনের সঙ্গে শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণ খাতে সহযোগিতার পরিধি আরও বাড়ানোর সুযোগ রয়েছে বলেও জানান তিনি। বিশেষ করে তরুণ প্রজন্মকে বৈশ্বিক কর্মবাজারের উপযোগী করে গড়ে তুলতে দুই দেশের যৌথ উদ্যোগ কার্যকর ভূমিকা রাখতে পারে বলে আলোচনায় উঠে আসে।

বৈঠকে শিক্ষা খাতের মানোন্নয়ন, কারিগরি দক্ষতা বৃদ্ধি এবং মানবসম্পদ উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে ভবিষ্যতে বাংলাদেশ ও চীনের মধ্যে আরও ঘনিষ্ঠ সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করা হয়।

এ সময় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. দাউদ মিয়া এবং বাংলাদেশে চীনা দূতাবাসের সাংস্কৃতিক কাউন্সেলর লি শাওপেং উপস্থিত ছিলেন।

LENS ASIA